# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ঢাবো/পনি/৮৫০ তারিখ: ০১/০৯/২০২৬ খ্রি.

**বিষয়: এসএসসি ও এইচএসসি পরীক্ষা ২০২৭-এর eTIF সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে, এসএসসি ও এইচএসসি পরীক্ষা ২০২৭-এর উত্তরপত্র মূল্যায়নের জন্য নির্ভুল ডাটাবেইজ করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের যেসকল শিক্ষক অবসর গ্রহণ করেছেন/মৃত্যু বরণ করেছেন/অন্যত্র বদলি হয়েছেন/স্বেচ্ছায় চাকুরি ছেড়ে দিয়েছেন/বোর্ড থেকে কালো তালিকাভুক্ত করা হয়েছে অথবা প্রতিষ্ঠানে খন্ডকালীন শিক্ষক হিসেবে কর্মরত আছেন তাদের নাম কর্তন করে **eTIF** সংশোধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। **eTIF** সংশোধন না করার কারণে উত্তরপত্র মূল্যায়নে প্রধান পরীক্ষক/পরীক্ষক নিয়োগে জটিল পরিস্থিতির সৃষ্টি হয়। উল্লেখ্য, বোর্ড থেকে **eTIF** সংশোধন করার কোনো সুযোগ নেই।

২। যেসকল শিক্ষক এখন পর্যন্ত **eTIF**-ভুক্ত হয়নি তাদের তথ্য জরুরি ভিত্তিতে **eTIF**-এ অন্তর্ভূক্ত করতে হবে।

৩। এমতাবস্থায়, **eTIF** সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০৯/২৫

প্রফেসর জেসমিন তাসলিমা বানু
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক
   সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠান

২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক
   সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২. বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।